

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
(www.dgfp.gov.bd)



বিষয়: ০৬.১০.২০২৬ তারিখে অনুষ্ঠিত ই-জিপি সিস্টেমে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ক্রয়কারী (PE) এর আইডি খোলা বিষয়ে আয়োজিত সভার কার্যবিবরণী।

সভাপতি ড. জিন্নাত রেহানা
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
সভার তারিখ ও সময় ০৭/১০/২০২৬খ্রিঃ, সকাল ৯.৩০ ঘটিকা
স্থান সভাকক্ষ বিজয় ‘৭১।
উপস্থিতিঃ পরিশিষ্ট ‘ক’

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয় এবং জনাব সাবিনা পারভীন, পরিচালক (এমআইএস) কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য বলা হয়। পরিচালক (এমআইএস) সভাকে অবহিত করেন যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (PPR-2025) এর বিধি ১৫০ অনুযায়ী ই-জিপি (e-GP) পোর্টালে সম্পাদন যোগ্য সরকারি ক্রয় বা টেন্ডার ই-জিপিতে সম্পাদন বাধ্যতামূলক করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন উপজেলা পর্যায়ের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UFPO) এবং মেডিকেল অফিসার (MO-MCH-FP) নিজ নিজ অধিক্ষেত্রে সরকারি ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যে ই-জিপি সিস্টেমে ইউজার/পিই আইডি খোলার জন্য অনুরোধ জানিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য যে, বিভিন্ন সংস্থাসমূহের কাঠামো অনুযায়ী উপজেলা পর্যায়ে সাধারণত একজন PE থাকেন। এক্ষেত্রে উপজেলা পর্যায়ে একাধিক PE এর আইডি তৈরী করার বিষয়ে আলোকপাত করার জন্য BPPA এর পরিচালক (উপসচিব) মোহাম্মদ আলী আহম্মেদ খান এর মতামত গ্রহণ করা হয়। তিনি উপপরিচালক/প্রোগ্রাম ম্যানেজার জিন্নাত আরাকে BPPA এর পরিচালক (উপসচিব) এর সাথে আলোচনার আলোকে বিস্তারিত উপস্থাপনের জন্য বলেন:

১. পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ধারা ২(৮) অনুযায়ী, “ক্রয়কারী অর্থ সরকারি তহবিলের অর্থ দ্বারা কোনো পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসম্পন্ন কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান”। এ বিষয়ে BPPA এর পরিচালক জানান যে, একটি সংস্থায় HOPE-এর অধীনে প্রশাসনিক অধিক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী একাধিক বা অসংখ্য PE থাকতে পারে।

২. অন্যদিকে উপজেলা পর্যায়ে ১ম শ্রেণীর কর্মকর্তার সীমাবদ্ধতা থাকলে একই ব্যক্তি PE, দরপত্র মূল্যায়ন কমিটি (TEC)-এর সভাপতি এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approving Authority-AA) হিসেবে দায়িত্ব পালন করতে পারেন। অর্থাৎ বিধি অনুযায়ী একজন কর্মকর্তার ক্ষেত্রবিশেষে একাধিক ভূমিকা (Roles) প্রযোজ্য হতে পারে। ই-জিপিতে স্বল্পমূল্যের বা কোটেশনভিত্তিক ক্রয়ের ক্ষেত্রে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) ন্যূনতম ৩ (তিন) সদস্যবিশিষ্ট হতে হবে, যার মধ্যে অন্তত ১ (এক) জন বহিঃসদস্য অন্তর্ভুক্ত থাকার বাধ্যবাধকতা রয়েছে। মূল্যায়ন কমিটির সভাপতি অবশ্যই প্রথম শ্রেণী হতে হবে।

৩. উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের একই প্রশাসনিক কাঠামোর অধীনে ২ (দুই) জন পৃথক ডিডিও (DDO - Drawing and Disbursing Officer) কর্মরত রয়েছেন:

- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UFPO)- নন-ক্লিনিক্যাল খাতের ডিডিও;
- মেডিকেল অফিসার (MO-MCH-FP)- ক্লিনিক্যাল খাতের ডিডিও।

উভয় কর্মকর্তার অনুকূলে আইবাস সিস্টেমে পৃথক পৃথক অর্থনৈতিক কোডে বাজেট বরাদ্দ প্রদান করা হয় এবং ইতোপূর্বে উভয়েই ম্যানুয়ালি পৃথক কমিটির মাধ্যমে স্ব-স্ব খাতে কেনাকাটা সম্পন্ন করেন। উপজেলা পর্যায়ে ক্রয় কার্যক্রমের জন্য PE এর আইডি খোলা প্রয়োজন। এক্ষেত্রে নন-ক্লিনিক্যাল ও ক্লিনিক্যাল ক্ষেত্রে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী ই-জিপিতে ক্রয় কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন উপজেলার জন্য আইডি খোলার বিষয়ে সিদ্ধান্ত নেয়া আবশ্যিক। একইসাথে মাঠপর্যায়ে সুস্পষ্ট প্রশাসনিক নির্দেশনা প্রদানও আবশ্যিক।

৪। সভাপতি উপজেলা পর্যায়ে একই কার্যালয় তথা “উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের” অধীনে দুটি PE আইডি খোলার বিষয়ে অর্থ ইউনিটের মতামত জানতে চান। অর্থ ইউনিটের সহকারী পরিচালক জানান আইবাস সিস্টেমে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (নন-ক্লিনিক) ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (ক্লিনিক) হিসাবে অর্থ বরাদ্দ প্রদান করা হয়।

৫। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) বলেন যেহেতু মাঠপর্যায়ে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (নন-ক্লিনিক) ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (ক্লিনিক) খাতে দীর্ঘদিন যাবৎ অর্থ বরাদ্দ হয়ে আসছে এবং উভয় কর্মকর্তা PE হিসাবে পৃথক কমিটির মাধ্যমে ক্রয় কাজ করছেন এবং অডিট সম্পন্ন হচ্ছে সেহেতু ইলেক্ট্রনিক সিস্টেমে দুটি আইডি খুলে দেয়া যুক্তিযুক্ত।

৬। প্রকল্প পরিচালক জনাব আ. ফ. ম. আরাফাত হোসেন উপপরিচালককে PE করা যায় কিনা এ বিষয়ে প্রস্তাব করেন। বিভাগীয় পরিচালক, ঢাকা বলেন যেহেতু ইতোপূর্বে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (নন-ক্লিনিক) ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (ক্লিনিক) হিসাবে অর্থ বরাদ্দ প্রদান করা হয় এবং ক্রয় কাজ করা হয় সেহেতু উপজেলা পর্যায়ে ক্রয় কার্যক্রম পরিচালিত হলে ভাল হয়।

৭। পরিচালক (আইইএম) বলেন, আর্থিক ক্ষমতা অর্পণ বিবেচনা করে PE এর বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। পরিচালক (অর্থ) বলেন, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন আইবাসের ন্যায় দুটি PE অফিস খুলে দেয়া যায়। পরিচালক (এমআইএস) বলেন, BPPA এর পরিচালক (উপসচিব) আলোচনায় PE এর সংজ্ঞা অনুযায়ী একাধিক PE এর অফিস খোলার বিষয়ে সিদ্ধান্ত HOPE এর বলে জানান।

৮। সভাপতি তার বক্তব্যে সকলের মতামতের আলোকে বলেন, ইতোপূর্বে আইবাস সিস্টেমে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (নন-ক্লিনিক) ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (ক্লিনিক) খাতে বরাদ্দ দেয়া হয় এবং বরাদ্দ হতে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও মেডিকেল অফিসার (MCH-FP) ম্যানুয়াল সিস্টেমে দীর্ঘদিন ধরেই দুই ক্ষেত্রেই ক্রয় কার্যক্রম সম্পাদন করে আসছে এবং অডিট সম্পন্ন হচ্ছে। বর্তমানে দুই অধিক্ষেত্রেই অর্থ বরাদ্দ দেয়া হয়েছে এবং পূর্বের ন্যায় ক্রয় কার্যক্রম পরিচালনার জন্য ইলেক্ট্রনিক সিস্টেমে দুটি আইডি খোলার বিষয়ে সকলেই সম্মতি দিয়েছেন। এমতাবস্থায়, সভায় উপস্থিত সকলের মতামতের আলোকে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলো।


সিদ্ধান্তসমূহ:

১। আইবাসে প্রদত্ত বরাদ্দের ন্যায় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীনে যথাক্রমে ১) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (নন-ক্লিনিক) ও ২) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (ক্লিনিক) নামে দুটি PE আইডি খোলা হবে।

২। অর্গানাইজেশন এডমিন এর দায়িত্ব এমআইএস ইউনিটকে দেয়া আছে বিধায় এমআইএস ইউনিট এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনাসহ মাঠপর্যায়ে পত্র প্রেরণ করবে।

সভাপতি ই-জিপি সিস্টেমে আইডি খোলা এবং সেইসাথে PPR-2025 এর বিধি ১৫০ অনুযায়ী ই-জিপি (e-GP) পোর্টালে সম্পাদন যোগ্য সরকারি ক্রয় বা টেন্ডার ই-জিপিতে সম্পাদনের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে ক্রয় কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য বলা হয়।

পরিশেষে আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. জিন্নাত রেহানা

মহাপরিচালক

পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

বিতরণ:

স্মারক নং- ৫৯.১১.০০০০.০০০.৪০৩.০৭.০০০১.২৫- ৪৪৮

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৬ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার তালিকা অনুসারে নয়):


১। পরিচালক (সকল) ইউনিট, অত্র অধিদপ্তর।

২। পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা বিভাগ।

৩। প্রকল্প পরিচালক, ...।

৪। পরিচালক, MFSTC, Mohammadpur/MCHTI, Mirpur/MCHTI, Azimpur.

- ৫। উপপরিচালক (হিসাব), অর্থ ইউনিট/উপপরিচালক (সকল), এমআইএস ইউনিট, অত্র অধিদপ্তর।
৬। উপপরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সকল জেলা।
৭। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সহকারী পরিচালক (বাজেট), অর্থ ইউনিট, অত্র অধিদপ্তর।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (ক্লিনিক)/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি),.....উপজেলা,
.....জেলা।
১০। সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, অত্র অধিদপ্তর।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১২। পরিচালক (এমআইএস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।


১৩/১০/২০২৬
(সাবিনা পারভীন)
পরিচালক (এমআইএস)